



## সমাজবিজ্ঞান সমীক্ষা, সংখ্যা - ৭, ২০২৪

সম্মানিত সহকর্মী,

সমাজবিজ্ঞান অনুষদ থেকে প্রকাশিত বাংলা জার্নাল সমাজবিজ্ঞান সমীক্ষা, সংখ্যা - ৭, ২০২৪ প্রকাশের উদ্যোগ নেয়া হয়েছে। উক্ত জার্নালের জন্য প্রবন্ধ আহবান করা হচ্ছে।

**লেখা জমা দেয়ার শেষ তারিখ: ২৭/০৯/২০২৩।**

লেখা তৈরি করার সময় নিচের বিষয়গুলোর প্রতি নজর দেয়ার জন্য অনুরোধ জানাচ্ছিঃ

১৫. লেখাটি মৌলিক এবং অপ্রকাশিত হতে হবে। অন্যত্র প্রকাশের জন্য জমা বা প্রকাশিতব্য লেখা বিবেচনা করা হবেনা। মৌলিকত্ব বলতে আমরা বুঝি যে কোনো গবেষণাশ্রিত, গবেষণাধর্মী, অন্তর্দৃষ্টিমূলক, বিশেষণাত্মক বা তর্ক শাস্ত্রীয় রচনা। সরল পর্যবেক্ষণ বা সাধারণ পর্যালোচনামূলক রচনা নিরুৎসাহিত করা হবে।
১৬. লেখা বাংলা ভাষায় হতে হবে। লেখার সাথে একটি সারসংক্ষেপ জমা দিতে হবে। প্রবন্ধকারের পরিচিতি (পদবী, ঠিকানা, ফোন/মোবাইল নম্বর ও ই-মেইল) আলাদা পৃষ্ঠায় দিতে হবে।
১৭. লেখার দু'টি মুদ্রিত কপি এবং একটি ইলেক্ট্রনিক কপি (সিডি/ই-মেইল) জমা দিতে হবে।  
(ই-মেইল: [deansoci@juniv.edu](mailto:deansoci@juniv.edu))
১৮. লেখাটি বিজয় কীবোর্ডে **SutonnyMJ** ফন্টে এবং ১৪ সাইজে টাইপ করতে হবে। লেখাটি সর্বোচ্চ ৭০০০ শব্দের মধ্যে হওয়া কাম্য। মুদ্রিত কপির বেলায় A4 বা লেটার মাপের কাগজে ১.৫ স্পেসে টাইপ থাকতে হবে।
১৯. মানচিত্র ও ডায়াগ্রামসমূহ উচ্চমানের হতে হবে এবং প্রতিটিতে শিরোনাম থাকতে হবে। সারণিসমূহের শিরোনাম এবং প্রয়োজনীয় উৎস উল্লেখ করতে হবে। বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত বাংলা বানান অভিধান (১৯৯৪) অনুযায়ী বানানরীতি এ জার্নালে প্রাধান্য দেয়া হবে।
২০. টীকাসমূহ (যদি থাকে) বক্তব্য অনুধাবনের সহায়ক হিসেবে অত্যন্ত সংক্ষিপ্ত হওয়া উচিত এবং টীকাসমূহ নির্দিষ্ট পৃষ্ঠার নিচে সংখ্যা বা তারকাচিহ্ন দিয়ে উল্লেখ করা যেতে পারে।
২১. টীকা ও তথ্যসূত্রঃ টীকা মূল টেক্সটের শেষে ক্রমানুসারে থাকবে। মূল টেক্সটে ও টীকার কোনো গ্রন্থ ও প্রবন্ধের উল্লেখ থাকলে বন্ধনীর ভেতরে লেখকের নাম (last name) ও প্রকাশকাল উল্লেখ করতে হবে (উদাহরণ- মুহাম্মদ ২০০১; আলম ২০০০; Marcus 1995; Watt 1984)। প্রাসঙ্গিক ক্ষেত্রে (যেমন উদ্ধৃতির বেলায়) বই/জার্নালের পৃষ্ঠা নম্বর উল্লেখ করতে হবে (উদাহরণ- আহমেদ ২০১৭: ১৬; Lewis 2011:137)। মূল টেক্সটে ও টীকার উল্লেখিত প্রবন্ধ ও গ্রন্থের একটি পূর্ণ তালিকা প্রকাশনা সংক্রান্ত তথ্যসহ লেখকদের নামের শেষাংশ (last name) আদ্যাক্ষরের অনুক্রমে প্রদান করতে হবে।

(পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য)



উদাহরণ:

• গ্রন্থঃ

শরীফ, আ. ১৯৮৭। *বাঙালীর চিন্তা চেতনার বিবর্তনধারা*। ইউনিভার্সিটি প্রেস লিমিটেড, ঢাকা।

Piliavsky, Anastasia, ed. 2014. *Patronage as Politics in South Asia*. Delhi: Cambridge University Press.

• সম্পাদিত গ্রন্থে প্রকাশিত প্রবন্ধঃ

Rahman, R. 2009. "Inequality in Access to Education and its impact on the Labor Market" in Rushidan R and Shahabuddin Q (ed.) : *Development Experience and Emerging Challenges*, University Press Limited.

জার্নালে প্রকাশিত প্রবন্ধঃ

ত্রিপুরা, প্র. ২০০০। "জুমিয়া থেকে জুম্মঃ পার্বত্য চট্টগ্রামের জুম চাষ-নির্ভর জনগোষ্ঠীদের ঔপনিবেশিক রূপান্তরের ইতিহাস", নৃবিজ্ঞান পত্রিকা সংখ্যা-৫, পৃষ্ঠা ১১৪-৩৪

Gardner, Katy, and Zahir Ahmed. 2009. "Degrees of Separation: Social Protection, Relatedness and Migration in Biswanath, Bangladesh". *Journal of Development Studies* 45 (1):124-149.

• সেমিনার/সম্মেলনে উপস্থাপিত প্রবন্ধঃ

Mahmud, M. A. 2009. An Assessment of Institutional Capacity of RAJUK in Development Control of Dhaka City, paper presented in the Conference on "Idea and Innovations for the Development of Bangladesh, organized by Bangladesh Development Initiative (BDI), USA at JFK School of Governance, Harvard University, Boston, USA on October 9-10, 2009

• ইন্টারনেট জার্নাল অথবা প্রবন্ধঃ

Schilling, J. 1999. 'Sustainable Brownfield's Redevelopment', *Mayor's Asia Pacific Environmental Summit Proceedings*, U.S., Enterprise for the Environment, <http://> , retrieved on 22 November 2008.

• ওয়েব পেইজঃ

IFRTD. 2007. [http:// ifrtd.org/new/issues/op\\_bicycles6.php](http://ifrtd.org/new/issues/op_bicycles6.php), retrieved on 6 August 2007.

লেখার প্রকাশনা সম্পর্কে সম্পাদনা পরিষদের মতামত চূড়ান্ত বলে গণ্য হবে। অপরাপর জার্নালের মতো সম্পাদনা পরিষদ প্রাথমিক বাছাইয়ের পর পর্যালোচকদের (রিভিউয়ার) মতামত গ্রহণ করবেন এবং তার ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করবেন। প্রয়োজনে লেখকের সাথে যোগাযোগ করা হবে।

ধন্যবাদান্তে,

(অধ্যাপক বশির আহমেদ)

সম্পাদক, সমাজবিজ্ঞান সমীক্ষা, সংখ্যা - ৭, ২০২৪

ও ডিন (ভারপ্রাপ্ত), সমাজবিজ্ঞান অনুষদ।